

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“ পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫১২.০২.২৬৬.১৮. ১২৫১

তারিখঃ ১৭/০২/২০২২ খ্রি

বিষয়ঃ সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) এর সঞ্চয় তহবিল থেকে ঋণ বিতরণ।

সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) এর ঋণ তহবিলের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বিদ্যমান ঋণ তহবিল দিয়ে বর্তমান ঋণ চাহিদা পূরণ করা সম্ভব হচ্ছে না। সদাবিক এর দলের সদস্যদের জমাকৃত সঞ্চয় হতে ৭৫% নিম্নোক্ত শর্তসাপেক্ষে ঋণ তহবিল হিসেবে দলের সদস্য পর্যায়ে বিতরণ করা যায়।

১। প্রত্যেক উপজেলায় সদাবিকের সঞ্চয়ের সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে। নিজস্ব তহবিল বলতে সদস্যদের জমাকৃত সঞ্চয় এবং সদাবিক এর হিসাবে জমাকৃত দায়মুক্ত অন্যান্য তহবিলকে বুঝাবে।

২। সদাবিকের নিজস্ব তহবিল হতে ঋণ বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব তৈরী করে তা জেলার উপপরিচালক কর্তৃক অনুমোদিত হতে হবে।।

৩। নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ (আসল, সুদ, দন্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এ মর্মে ঋণ গ্রহীতাদের নিকট থেকে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।

৪। ঋণের বিপরীতে সদাবিকের কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত প্রচলিত নিয়মানুযায়ী আনুপাতিক হারে সঞ্চয় জামানত হিসেবে রাখতে হবে।

৫। ঋণ গ্রহীতাদের নামে পাশ বহি সরবরাহ করে অফিসে রেজিষ্টার খুলে পাশবহির হিসাব সংরক্ষণ করতে হবে। পাশবহিতে ঋণ গ্রহীতার ছবি থাকবে যা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা বা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এর কোন একজনের সত্যায়িত হতে হবে।

৬। ঋণ প্রক্রিয়াকরণপূর্বক জেলার উপপরিচালক দল পর্যায়ে ঋণ প্রস্তাব অনুমোদন করবেন।

৭। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) ভুক্ত দলের সদস্যদের ঋণ বিতরণ করা যাবে। তবে পূর্বে গৃহীত ঋণ যে সমস্ত দল শতভাগ পরিশোধ করেছে সে সমস্ত দলেই এ ঋণ কার্যক্রম সীমাবদ্ধ রাখতে হবে। কোন অবস্থাতেই ঋণ বকেয়া রেখে দলে বা সদস্য পর্যায়ে ঋণ বিতরণ করা যাবে না।


৮। সদাবিক এর নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণের সেবামূল্য ১১% হারে (Flat rate method) নিম্নোক্ত বিভাজন মোতাবেক আদায়যোগ্য হবেঃ

ক) কর্মচারী তহবিল (বেতন ভাতা)	=৭.০০%
খ) সঞ্চয় জমার প্রবৃদ্ধি	=৩.০০%
গ) কু-ঋণ তহবিল	=০.৫০%
ঘ) পরিচালন ব্যয়	=০.৫০%
I. উপজেলা	=০.৩৫%
II. জেলা	=০.০৫%
III. সদর দপ্তর	=০.১০%

- ৯। সদস্যদের কর্মদক্ষতা বিবেচনা করে একজন সদস্যকে সদাবিকের কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত যে কোন ০১ টি কর্মকান্ডে ঋণ বিতরণ করা যাবে।
- ১০। ঋণ সাপ্তাহিক কিস্তিতে আদায় করতে হবে, যার হিসাব WCS, সদস্যদের পাশবহি, দল ও উপজেলা পর্যায়ের ঋণ খতিয়ানে সংরক্ষণ করতে হবে।
- ১১। ঋণ গ্রহীতা সদস্যদেরকে উপজেলা দপ্তরে এনে ঋণ বিতরণ করতে হবে। একজন সদস্যের নামে অনুমোদিত ঋণ তার হাতেই দিতে হবে। অন্য কোন ব্যক্তি/ দলের সভাপতি/ ম্যানেজার এর নিকট দেয়া যাবে না। ঋণ বিতরণ অনুষ্ঠানে জনপ্রতিনিধি ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিত রাখা যেতে পারে।
- ১২। ঋণ বিতরণের ক্ষেত্রে কোন রূপ অনিয়ম পরিলক্ষিত হলে দায়ী কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৩। সদাবিকের নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ যথাযথভাবে তাদের দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনে গাফিলতীর জন্য ঋণ আদায় না হলে তিনি ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।
- ১৪। ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ১৫। ইহা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো যা অনতিবিলম্বে মাঠ পর্যায়ে কার্যকর হবে।

সংযুক্তঃ মাসিক প্রতিবেদন প্রেরণের ছক- ১ প্রস্তু।

উপ-পরিচালক,
বিআরডিবি (সংশ্লিষ্ট জেলাদপ্তর)


আবদুর রশিদ
(যুগ্ম সচিব)
পরিচালক (সরেজমিন)
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০০০৬

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫১২.০২.২৬৬.১৮. ২২৫২

তারিখঃ ০৭/০২/২০২২ খ্রি

অনুলিপি:

- ১। পরিচালক(প্রশাসন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ) বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক(সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক(প্রশাসন/সম্প্রসারণ/ঋণ/অডিট) বিআরডিবি, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অফিস কপি।